পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের প্রতিবেদন:

প্রতিবেদনাধীন বছরঃ ২০১২-২০১৩

জনবল সংক্রান্ত তথ্যঃ

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের মোট মঞ্জুরীকৃত জনবল ১১৩ । বর্তমানে বিভিন্ন শেনীর কর্মরত জনবল ৭৪ এবং শূন্য পদ রয়েছে ৩৯ টি । নিচের ছকে কর্মরত ও শূন্য পদের বিররণ দেয়া হল ।

পদ	মঞ্জুরীকৃত পদ সংখ্যা	কর্মরত পদ সংখ্যা	শূন্য পদ সংখ্যা	মন্তব্য
প্রথম শ্রেণী	৪২	২৩	১৯	
দ্বিতীয় শ্রেণী	০৫	০৩	২	
তৃতীয় শ্রেণী	৫৩	৩৮	১৫	
চতুর্থ শ্রেণী	১৩	১০	৩	
মোট	১১৩	৭৪	৩৯	

রাজস্ব প্রাপ্তি ঃ

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের ২০১২-২০১৩ অর্থ বছরে সর্বমোট রাজস্ব আয় ১০,১৪,৭৩,০০০/- (দশ কোটি চৌদ্দ লক্ষ তিয়াত্তর হাজার) টাকা । উল্লিখিত অর্থ বৎসরে লক্ষ্যমাত্রা ছিল = ১০,১২,৪০,০০০/- (দশ কোটি বার লক্ষ চল্লিশ হাজার) টাকা । উক্ত অর্থ বছরে লক্ষমাত্রার চেয়ে ২,৩৩,৬০০/- (দুই লক্ষ তেত্রিশ হাজার ছয়শত) টাকা অতিরিক্ত রাজস্ব আদায় হয়েছে।

প্রশিক্ষণ সংক্রান্ত ঃ

২০১২-২০১৩ অর্থ বছরে পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের বিভিন্ন শ্রেনীর কর্মকর্তা ও কর্মচারীগণ বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন । এর মধ্যে দেশে ১৩ জন এবং বিদেশ ১০ জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেন ।

২০১২-২০১৩ অর্থ বছরে পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস সংক্রান্ত আবেদন ও নিস্পত্তির বিবরণঃ

ক্রমিক নং	শাখা	নতুন আবেদনের সংখ্যা	নিস্পত্তির সংখ্যা	সনদ জারীর সংখ্যা	অনিস্পন্নের সংখ্যা
১	পেটেন্ট	৩০১	১৬৭	১৬৭	৬২
২	ডিজাইন	১৬৩৭	১১৯১	১১৪১	৪৯৬
৩	ট্রেডমার্কস	১১৪৭৫	১১৩৯৬	২৬৩৯	৮৮৩৬

বিশ্ব মোধাসম্পদ দিবস উদযাপন (World Intellectual Property Day):

এই অধিদপ্তর কর্তৃক গত ২৬ এপ্রিল, ২০১৩ খ্রি ঃ বিশ্ব মেধাসম্পদ দিবস (World Intellectual Property Day) বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে উদযাপন করা হয় । এ উপলক্ষে আয়োজিত **সৃজনশীলতায় আগামী প্রজন্ম** (Creativity the next generation) শীর্ষক এক সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্প মন্ত্রী, জনাব দিলীপ বড়ুয়া, প্রধান অতিথি এবং জনাব আবুল কালাম আজাদ, মাননীয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রী, বিশেষ অতিথির আসন অলংকৃত করেন ।

সেমিনারঃ

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের আয়োজনে এবং দি চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর সহযোগিতায় গত ২৮/০২/২০১৩ খ্রিঃ তারিখে চট্টগ্রাম চেম্বার ভবনের সভাকক্ষে "অর্থনৈতিক উন্নয়নে মেধা সম্পদের ভূমিকা" শীর্ষক দিনব্যাপী এক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি চিটাগাং চেম্বার অবকমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর প্রেসিডেন্ট জনাব মোরশেদ মুরাদ ইব্রাহিম এবং চট্টগ্রামবিশ্ববিদ্যালয় এর উপাচার্য প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মঈন উদ্দিন আব্দুল্লাহ, সচিব, শিল্পমন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে আলোচকবৃন্দ বিভিন্ন প্রস্তাব ও সুপারিশ তুলে ধরেন। তাঁরা সাধারন গবেষকদের সরকারীভাবে আর্থিক সহযোগিতার প্রয়োজনীয়তা, প্রাতিষ্ঠানিক গবেষকদেও বিভিন্ন ইনসেনটিভ বৃদ্ধি, উন্নয়ন ও গবেষনার জন্য বরাদ্দ বৃদ্ধি এবং বিশ্ববিদ্যালয় ও স্বতন্ত্র গবেষনা প্রতিষ্ঠানের মধ্যে লিংকেজ তৈরীর উপর গুরত্বারোপ করেন।

খসড়া ডিজাইন আইন/২০১৩ঃ

পূর্বের The Patents and Designs Act, 1911 কে দুইভাগ করে বাংলা ভাষায় প্রণীত খসড়া **"ইন্ডাষ্ট্রিয়াল ডিজাইন আইন, ২০১৩"** এর উপর WIPO এর মতামত গ্রহণ করা হয়েছে। আইনটি অধিদপ্তর কর্তৃক পরীক্ষা-নিরীক্ষান্তে অনুমোদনের জন্য শিল্প মন্ত্রণালয়ে দাখিল করা হলে শিল্প মন্ত্রণালয় কিছু মন্তব্যসহ পুনরায় সংশোধিত ডিজাইন আইন, ২০১৩ দাখিলের পরামর্শ দেয়। শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী খসড়া ডিজাইন আইন, ২০১৩ সংশোধনের কাজ সম্পন্ন করে অনুমোদনের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে সর্বসাধারণের অবগতি ও মতামতের জন্য খসড়া আইনটি শিল্প মন্ত্রণালয়ের ওয়েব সাইটে দেয়া হয়েছে। মূল আইন The Patents & Designs Act, 1911 এর সাথে খসড়া "বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন এ্যাক্ট, ২০১৩" এর তুলনামুলক বিবরণী মেট্রিক্স আকারে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে মেট্রিক্স আকারে তৈরী করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

খসড়া পেটেন্ট আইন/২০১৩ঃ

পূর্বের The Patents and Designs Act, 1911 কে দুইভাগ করে বাংলা ভাষায় প্রণীত "বাংলাদেশ পেটেন্ট আইন, ২০১৩" এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১৬-৯-২০১২ খ্রিঃ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। তাছাড়া খসড়া আইনটির উপর সর্বসাধারণের মতামত চেয়ে Patent Act, 2013 শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে। খসড়া আইনটির উপর WIPO এর মতামত পূর্বেই পাওয়া গিয়েছে। বস্ত্র ও পাট, সংস্কৃতি বিষয়ক, অর্থ, বাণিজ্য মন্ত্রণায় এবং কপিরাইট অফিস হতে ইতোপূর্বে যে সকল মতামত পাওয়া গিয়েছে তা খসড়া বাংলাদেশ পেটেন্ট আইন, ২০১৩ তে সমন্বয় করা হয়েছে। অন্যান্য আরো মন্ত্রণালয় হতে মতামত পাওয়ার জন্য অপেক্ষা করা হচ্ছে। পাশাপাশি বিদ্যমান The Patents & Designs Act, 1911 এর সাথে খসড়া "বাংলাদেশ পেটেন্ট আইন, ২০১৩" এর তুলনামুলক বিবরণী মেট্রিক্স আকারে তৈরী পূর্বক শিল্প মন্ত্রণালয়ে অত্র অধিদপ্তরে প্রেরণ করে যার ওপর কাজ চলছে।

খসড়া Geographical Indications (GI) Act, 2013:

খসড়া ভৌগোলিক নির্দেশক আইন, ২০১৩ (বাংলা ও ইংরেজী) ভেটিং এর জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে । ইতোমধ্যে খসড়া আইনটি মন্ত্রি পরিষদ কর্তৃক অনুমোদন হওয়ার পর আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং সম্পন্ন হয়েছে।

ট্রেডমার্কস বিধি-২০১৩ঃ

পূর্বের The Trademarks Rules, 1963 এর স্থলে প্রতিস্থাপনের জন্য বাংলা ভাষায় প্রণীত খসড়া **"ট্রেডমার্ক বিধিমালা, ২০১৩"** এর উপর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত পাওয়া গেছে। উক্ত মতামতের আলোকে ট্রেডমার্ক বিধিমালা, ২০১৩ পুনর্গঠনের কাজ শেষ করা হয়েছে। তা চূড়ান্ত অনুমোদনের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

শূন্য পদে জনবল নিয়োগঃ

১৯জন ১ম শ্রেণীর কর্মকর্তা (এক্সামিনার) নিয়োগের জন্য পিএসসিতে রিকুইজিশন দেওয়া হয়েছিল। ইতোমধ্যে ৯জন এক্সামিনার পিএসসি এর নিয়োগ পরীক্ষার মাধ্যমে ডিপিডিটিতে যোগদান করেছেন। অবশিষ্ট ১০ জন এক্সামিনার দ্রুত নিয়োগ দেয়ার জন্য গত ১৩/০৯/১২ তারিখে পিএসসি তে তাগিদপত্র দেওয়া হয়েছে। ৩য় শ্রেণীর শূণ্য পদ পূরণের জন্য ডিপিডিটি উদ্যোগ গ্রহণ করে এবং ১৬ জন কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। অবশিষ্ট শূণ্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়া চলমান রয়েছে।